গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(সাধারণ শাখা)
www.gaibandha.gov.bd

# আগস্ট ২০২৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা
জেলা প্রশাসক, গাইবান্ধা।
তারিখ : ১৬ আগস্ট ২০২৬ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য সচিব, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, গাইবান্ধা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন পরিবর্তন, পরিবর্ধন, সংশধন বা সংযোজন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর জেলার দপ্তর/ বিভাগভিত্তিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>১। জেলা প্রশাসন, গাইবান্ধা।</td>
<td>(১) সভাপতি বলেন, বর্তমান সরকার নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপন করবেন। জেলার প্রতিটি দপ্তর ইতোমধ্যে প্রাতিষ্ঠানিকভাবে বৃক্ষরোপন কার্যক্রম শুরু করেছেন। সভাপতি জানান:
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>চারার সংখ্যা</th><th>মোট</th></tr>
<tr><td>গাইবান্ধা সদর, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ</td><td>২ লক্ষ করে</td><td>৬ লক্ষ</td></tr>
<tr><td>সাঘাটা, পলাশবাড়ি, ফুলছড়ি, সাদুল্লাপুর</td><td>১.৫ লক্ষ করে</td><td>৬ লক্ষ</td></tr>
<tr><td colspan="2">সর্মমোট</td><td>১২ লক্ষ</td></tr>
</table>
এরই অংশ হিসেবে গাইবান্ধা পৌরসভায় ২০ হাজার, সুন্দরগঞ্জ, পলাশবাড়ী ও গোবন্দগঞ্জ পৌরসভায় ১০ হাজার করে মোট ৩০ হাজার এবং ৮১টি ইউনিয়ন পরিষদের প্রত্যেকটিতে ১০ হাজার করে মোট ৮ লক্ষ ১০ হাজার বৃক্ষ রোপন করতে হবে। প্রতিটি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীবৃন্দ বৃক্ষরোপন করবেন। তিনি আরও বলেন, গাইবান্ধা জেলার ০৩টি উপজেলা গোবিন্দগঞ্জ, পলাশবাড়ী ও সাদুল্লাপুর এর মধ্যে বিশ্ব রোড রয়েছে। এ জেলাটিকে একটি অপরূপ সৌন্দর্যমন্ডিত জেলা হিসেবে দেশের জনগণের কাছে তুলে ধরার লক্ষ্যে ''ফাসিতলা হতে ধাপেরহাট পর্যন্ত ৩২ কিমি'' রাস্তার দুই ধারে কৃষ্ণচূড়া, রাধাচূড়া, পলাশ, শিমুল, জারুল ও সোনালু গাছ লাগানোর বিষয়ে আলোচনা করেন।<br>(২) নজরুল বর্ষ উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়সমূহে (সরকারি ও বেসরকারি) নিজস্ব ব্যবস্থাপনায় সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা করেন।<br>(৩) নতুন কুঁড়ি স্পোর্টস অনুষ্ঠানের লক্ষ্যে রেজিস্ট্রেশন</td>
<td>(১) (ক) সকল সরকারি দপ্তর ও এনজিও প্রধানকে বৃক্ষরোপনের কর্মপরিকল্পনা তৈরি করে আগামী ২৩/০৮/২০২৬ খ্রি. এর মধ্যে প্রেরণ করতে হবে।<br>(খ) সরকারি দপ্তরসমূহ এবং সকল এনজিও প্রধানগণ স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে স্থান নির্বাচন করবেন এবং নির্ধারিত ছকে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।<br>(গ) ঢাকা-রংপুর মহাসড়কের গোবিন্দগঞ্জ উপজেলার ফাসিতলা হতে সাদুল্লাপুর উপজেলার ধাপেরহাট পর্যন্ত ৩২ কিমি রাস্তায় উভয় পার্শ্বে কৃষ্ণচূড়া, পলাশ, শিমুল, জারুল, সোনালু গাছ লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মাধ্যমে বৃক্ষরোপনের প্রয়োজনীয়</td>
<td>(১) সকল দপ্তর প্রধান, গাইবান্ধা।<br>(২) উপপরিচালক ,স্থানীয় সরকার, গাইবান্ধা<br>(৩) সকল উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা।<br>(৪) সকল এনজিও প্রধান, গাইবান্ধা।</td>
</tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সংখ্যা বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন।<br>(৪) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৫ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৩.২০.০১৩.২০১৬-১৮৩ নং পত্র মোতাবেক বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানি ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরে সম্মানিভোগী নির্বাচন কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে আলোচনা হয়।<br>(৫) কৃষক কার্ড কার্যক্রম যথাভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপকারভোগী কৃষক যাচাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(৬) শিক্ষা মন্ত্রণালয়ের ২৮ জুলাই ২০২৬ তারিখের ৬৪৭৫ নং স্মারকে প্রাইম মিনিস্টার গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা-২০২৬ আয়োজনের লক্ষ্যে খেলোয়াড় নির্বাচন, দল গঠন এবং প্রতিটি বিদ্যালয়ে ইন্টারস্কুল মাঠ সংস্কার, খেলা পরিচালনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(৭) ফ্যামিলি কার্ড প্রদানের লক্ষ্যে জনবল নিয়োগ ও নীতিমালা মোতাবেক উপকারভোগী নির্বাচন বিষয়ে আলোচনা হয়।<br>(৮) গাইবান্ধা জেলার নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা হয়।<br>(৯) মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫ নং স্মারকে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ১৪ মার্চ ২০২৬ থেকে প্রতি শনিবার জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>(১০) অনলাইনে খতিয়ান/পর্চার আবেদন গ্রহণ এবং ডাকযোগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।<br>(১১) জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(১২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে উপজেলা সমন্বয় কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(১৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ সম্পর্কে প্রচার-প্রচারণা/ অবহিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(১৪) মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০১৩.২২.২৫৯ নং স্মারকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) নজরুল বর্ষ উপলক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়সমূহে (সরকারি ও বেসরকারি) নিজস্ব ব্যবস্থাপনায় সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করতে হবে।<br>(৩) নতুন কুড়ি স্পোর্টস এর রেজিস্ট্রেশন সংখ্যা ২০ হাজারে উন্নীতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) নীতিমালা মোতাবেক মসজিদের ইমাম, মোয়াজ্জিন, খাদেম এবং অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিগণের সম্মানী ভাতাভোগী নির্বাচন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(৫) নীতিমালা মোতাবেক কৃষক কার্ডের উপকারভোগী নির্বাচন ত্বরান্বিত করতে হবে।<br>(৬) প্রাইম মিনিস্টার গোল্ডকাপ জাতীয় ফুটবল প্রতিযোগিতা-২০২৬ আয়োজনের লক্ষ্যে খেলার মাঠ সংস্কারসহ নীতিমালা মোতাবেক খেলোয়াড় নির্বাচন, দল গঠন এবং খেলা পরিচালনা করতে হবে।<br>(৭) ফ্যামিলি কার্ড প্রদানের লক্ষ্যে নীতিমালা মোতাবেক উপকারভোগী নির্বাচন করতে হবে।<br>(৮) গাইবান্ধা জেলার নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(০৯) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে প্রতি শনিবার মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও তৎসংলগ্ন | |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (১৫) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৬.০০০১.১৯.২৬০ নং স্মারকে সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>(১৬) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ১২ মে ২০২৬ তারিখের বিএসইসি/এফএলডি/পলিটি /বিবিধ/২০২৬-৩৪ নং স্মারকে জেলা ও উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় 'বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা' বিষয়টি নিয়মিত এজেন্ডাভুক্ত করে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়েছে। | এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(১০) নীতিমালা মোতাবেক অনলাইনে খতিয়ান/ পর্চার প্রাপ্ত আবেদন ডাকযোগে প্রেরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(১১) প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে সকল দপ্তরের কার্যপত্র প্রেরণ করতে হবে।<br>(১২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ী নিয়মিত উপজেলা সমন্বয় কমিটির সভা করতে হবে।<br>(১৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(১৪) বিদ্যুৎ বিভাগের অধীনস্থ বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের মাঠ পর্যায়ে বকেয়া বিদ্যুৎ বিল আদায় ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(১৫) সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণসহ মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(১৬) উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় 'বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা' বিষয়টি নিয়মিত এজেন্ডাভুক্ত করে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে। | |
| ২। পুলিশ বিভাগ, গাইবান্ধা। | পুলিশ সুপার, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ পুলিশের সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেয়ার | জেলার আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ সদস্যদের সদা তৎপর থাকাসহ পুলিশিং | পুলিশ সুপার, গাইবান্ধা। |

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>লক্ষ্যে সকল ইউনিটের পুলিশ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, এনজিও, ছাত্র-শিক্ষক, মসজিদ, মন্দির কমিটির সাথে মতবিনিময় সভা, প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।</td><td>সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌছে দেয়ার লক্ষ্যে সকল ইউনিটের পুলিশ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, এনজিও, ছাত্র-শিক্ষক, মসজিদ, মন্দির কমিটির সাথে মতবিনিময় সভা, প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td></td></tr>
<tr><td>৩। উপ-পরিচালক স্থানীয় সরকার, গাইবান্ধা</td><td>উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা জানান যে, গাইবান্ধা জেলার জন্ম নিবন্ধনের (০-১ বছরের মধ্যে) লক্ষ্যমাত্রা- ৩,৯৯৫ জন, মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা- ১,২৯২ জন। জুলাই/ ২০২৬ মাসের জন্ম নিবন্ধন (০-১ বছরের মধ্যে) অর্জন -৩৩৮৩ জন এবং মৃত্যু নিবন্ধন - ৭১৫ জন।</td><td>জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৪। জেলা পরিষদ, গাইবান্ধা।</td><td>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা চলমান প্রকল্পের কার্যক্রম সম্পর্কে সভায় জানান যে,
<table>
<tr><th>ক্র. ও উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১) সাঘাটা</td><td>বোনারপাড়া অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ</td><td>৫৮২.০০ লক্ষ</td><td>৮৫%,</td></tr>
<tr><td>২) সদর</td><td>১,০০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম-মাল্টি পারপাস হল নির্মাণ</td><td>২০.৩৭ কোটি</td><td>মহামান্য হাইকোর্ট ডিভিশনে রিট দায়ের হওয়ায় কার্যক্রম স্থগিত রয়েছে</td></tr>
<tr><td>৩) গোবিন্দগঞ্জ</td><td>আধুনিক ডাকবাংলো নির্মাণ</td><td>৩,৬৮,৩৫,৫৩০/-</td><td>১০%</td></tr>
<tr><td>৪) সুন্দরগঞ্জ</td><td>আধুনিক ডাকবাংলো নির্মাণ</td><td>৩,৬৯,০১,৩২৮/-</td><td>১০%</td></tr>
</table></td><td>(১) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে এবং কাজের মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে।<br>(২) চরাঞ্চলের মানুষের জন্য গজারিয়া টি বাঁধে একটি ঘাট নির্মাণ করতে হবে।</td><td>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।</td></tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | অগ্রগতি |
|---|---|---|---|
| ৫) পলাশবাড়ী | আধুনিক ডাকবাংলো নির্মাণ | ৩,৭৪,৪৪, ১৫৬ লক্ষ | ২০%, |
| ৬) সাদুল্লাপুর | আধুনিক ডাকবাংলো নির্মাণ | ২৩৩.৮০ লক্ষ | ৭০% |
| ৭) ২০২৪-২৫ অর্থবছরে এডিপি(সাধারণ) | ২৩৫টি প্রকল্প | ৬৭০.০০ লক্ষ | ৮০% |
| ৮) ২০২৪-২৫ অর্থবছরে ক)এডিপি (বিশেষ)<br>অর্থবছরে খ)এডিপি (বিশেষ) | ৩০টি প্রকল্প<br>১৯ টি প্রকল্প | ৭০.০০ লক্ষ<br>৪৫.১৮ লক্ষ | ৫৫%<br>৬০% |
| ৯) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি(সাধারণ) | ৩৩৫ টি প্রকল্প | ৫৭১.২৮ লক্ষ | ৪৫% |
| ১০) ২০২৫-২০২৬ অর্থবছরে ক)এডিপি (বিশেষ)<br>খ)এডিপি (বিশেষ)<br>গ)এডিপি (বিশেষ)<br>ঘ)এডিপি (বিশেষ) | ১৪ টি প্রকল্প<br>২২ টি প্রকল্প<br>৪৪ টি প্রকল্প<br>২২৫ টি প্রকল্প | ৪১.০০ লক্ষ<br>৬৫.০০ লক্ষ<br>৫৯.০০ লক্ষ<br>২৯১.০০ লক্ষ | ৩৫%<br>৩৫%<br>-<br>- |

এছাড়াও ২০২৫-২৬ অর্থবছরে এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-১ সুন্দরগঞ্জ উপজেলা, প্রকল্প ০৭টি। এডিপি (বিশেষ) বরাদ্দ- ৪০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-৪ গোবিন্দগঞ্জ

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উপজেলা, প্রকল্প ২০টি। এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-০৫ সাঘাটা ও ফুলছড়ি উপজেলা, প্রকল্প ১০টি, এডিপি (বিশেষ) বরাদ্দ ৩৫.০০ লক্ষ টাকা, প্রকল্প ২৭টি, অগ্রগতি ১০%। তিনি আরই জানান যে, ধর্মপুর থেকে চন্ডিপুর রাস্তায় পর্যন্ত ৭০০টি গাছ লাগানো হয়েছে। সভাপতি গজারিয়া, ফুলছড়ি টি বাঁধের পার্শ্বে চরাঞ্চলের মানুষের জন্য একটি ঘাট নির্মাণ বিষয়ে আলোচনা করেন। | | |
| ৫। স্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা। | সিভিল সার্জন, গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) জুলাই/ ২৬ মাসে সন্দেহজনক হামরোগি- ৭০ জন। হাম সনাক্ত রোগির সংখ্যা ০৫ জন ও সন্দেহ জনক হাম মৃত্যু- ০১ জন,<br>(২) জুলাই/ ২০২৬ মাসে ডেঙ্গু আক্রান্ত ০৬ জন,<br>(৩) এনসিডি কর্ণার চলমান রয়েছে,<br>(৪) আই কর্ণার চলমান রয়েছ,<br>৫) জরায়ুমুখ ও স্তন ক্যান্সার প্রতিরোধ বিষয়ক প্রকল্প চলমান রয়েছে,<br>(৬) জুলাই/ ২০২৬ মাসে কমিউনিটি ক্লিনিক ২০৩১২৬জন সেবা প্রদান, ৪৮৯৭ জন রেফার ও ১৭টি নরমান ডেলিভারি সম্পন্ন হয়েছে,<br>(৭) জুলাই/ ২০২৬ মাসে বিসিজি-৫২৯৩ জন, পেন্টা-১ ৫২৩০ জন, পেন্টা-২ ৫৬৯২ জন, পেন্টা-৩ ৬৮৬৬ জন, পিসিভি-১ ৫৪২৯ জন, পিসিভি-২ ৫৯৫৮ জন, পিসিভি-৩ ৬৭১৬ জন, ওপিভি-১ ৫৬২৪ জন, ওপিভি-২ ৬৬২০ জন, ওপিভি-৩ ৬৬৯২ জন, এফআইপিভি-১ ৪৭৮০ জন, এফআইপিভি-২ ৩০৮৬ জন, এমআর-১ ৬৪০৫ জন এমআর ২ ৬০০৬ জন, এইচপিভি ৩১৮ জন শিশুকে টিকা প্রদান করা হয়েছে,<br>(৮) হাপসাতালে চিকিৎসা প্রদান জুলাই/ ২০২৬ মাসে বহিঃ বিভাগে ১২২৯১৮ জন, জরুরি বিভাগে ১৯৪৩১ জন এবং অন্তঃ বিভাগে ১০৬৫৩ জন রোগির চিকিৎসা প্রদান করা হয়েছে এবং নরমাল ডেলিভারি ৩৪৯টি ও সিজারিয়ান ডেলিভারি- ৪২টি,<br>(৯) বিগত ২০২৫ সালে ময়না তদন্ত হয়েছে ১৭৭টি, রিপোর্ট হয়েছে ১১৭টি, মূলতবি আছে ৬০টি, ২০২৬ সালের এ পর্যন্ত ময়না তদন্ত হয়েছে ৮৩টি, রিপোর্ট হয়েছে ২৫টি, অবশিষ্ট ৫৮টি। | (১) বন্যার কারণে জেলার যেন কেউ স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(২) দায়িত্বরত ডাক্তারগণকে অধিকতর আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।<br>(৩) হাম প্রতিরোধের বিষয়ে উপপরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সমন্বয় করে লিফলেট বিতরণসহ বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>(৪) হাম, ডেঙ্গু ও পানিবাহিত বিভিন্ন রোগের বিষয়ে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সিভিল সার্জন, গাইবান্ধা।<br>(২) উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), গাইবান্ধা।<br>(৪) জেলা তথ্য অফিসার, গাইবান্ধা। |
| ৬। জেনারেল হাসপাতাল, গাইবান্ধা। | তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধা জানান যে,<br>(১) বর্তমানে হাসপাতালে অর্থো-সার্জারী, ইএনটি, স্কীন ভিডি, চক্ষু কনসালটেন্ট (সিনিয়র/ জুনিয়র) এর পদসমূহ শূন্য রয়েছে। শূন্য পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে।<br>(২) তরল অক্সিজেন সরবরাহ করায় সেন্ট্রাল অক্সিজেন লাইন চালু রয়েছে।<br>(৩) হাসপাতালে মোট ১০৬ জন গর্ভবতী সন্তান প্রসব করেন। তন্মধ্যে সিজারিয়ানের সংখ্যা ৩৩ জন এবং নরমাল সন্তান প্রসব ৭৩ জন। এ মাসে Major সার্জারি | দায়িত্বরত ডাক্তারগণকে অধিকতর আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল, গাইবান্ধা। |

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>৮৭টি এবং Minor সার্জারি ১২৮৩ টি সম্পন্ন হয়।<br>(৪) জেলা হাসপাতালে চলতি মাসে বহির্বিভাগে ২১১২৫ জন, জরুরি বিভাগে ৫৬৮১ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে এবং অন্তঃবিভাগে ৪৭৮০ জন রোগী ভর্তি ছিল।<br>(৫) হাসপাতালে অবস্থানকৃত রোগীর বেড কুপেন্সি রেট ১৩৪.১৪ এবং এভারস লেন্থ ২.১৪।<br>(৬) অত্র হাসপাতালে ক্যাঙ্গারু মাদার কেয়ার, স্ক্যানু ও স্যামকর্ণার চালু আছে।<br>(৭) হাসপাতালে ওসিসি কার্যক্রম চালু আছে।<br>(৮) চলতি মাসে ২০ জন ধর্ষিতার ধর্ষণজনিত পরীক্ষা সম্পন্ন হয়েছে, ১২ জনের অপমৃত্যুর পোস্ট মর্টেম সম্পন্ন হয়েছে এবং ২৮ জনকে মেডিকেল সার্টিফিকেট দেওয়া হয়েছে।<br>(৯) হাসপাতালে টেলিমেডিসিনের মাধ্যমে দূর-দূরান্তের রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে,<br>(১০) জলাতঙ্ক মরণ ব্যাধি রোগ হতে রক্ষা পাওয়ার জন্য বিনামূল্যে কুকুর কামড়ানো ভ্যাকসিন প্রদান করা হয়।<br>(১১) গর্ভবতী মায়েদের নিয়মিত এএনসি ওপিএনসি সেবা প্রদানের মাধ্যমে নরমাল ডেলিভারির উৎসাহ প্রদান করা হয়। হাসপাতালে বিনামূল্যে ভায়া ও সিবিই সেবা প্রদান করা হচ্ছে।<br>(১২) হাসপাতালে বর্তমানে আলট্রাসনোগ্রাম, ইসিজি ও এক্স-রে মেশিন চালু রয়েছে।<br>(১৩) হাসপাতালে মেজর, মাইনর সার্জারি/ অপারেশন বিভাগ চালু আছে।</td><td></td><td></td></tr>
<tr><td>৭। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে,<br>১)ফসল আবাদ কর্মসূচি চলতি খরিপ-২/২০২৬-২৭ নিম্নরূপ:
<table>
<tr><th>ফসলের নাম</th><th>আবাদ লক্ষমাত্রা (হে.)</th><th>আবাদের অর্জিত মাত্রা (হে.)</th></tr>
<tr><td>রোপা আউশ,</td><td>১৩৩১৩০</td><td>৭৫১৮০</td></tr>
<tr><td>শাক-সবজি</td><td>৩০৬৫</td><td>১৬৭৪</td></tr>
<tr><td>পেঁয়াজ</td><td>১৩৫</td><td>০</td></tr>
<tr><td>মাষকলাই</td><td>৭৯৫</td><td>০</td></tr>
<tr><td>কলা</td><td>২২</td><td>২০</td></tr>
</table>
(২) ২০২৫-২৬ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির সকল কর্মসূচির উপকরণ বিতরণ সম্পন্ন হয়েছে,<br>(৩) গাইবান্ধা জেলার ৭টি উপজেলাও ১৪টি ব্লকের কৃষি কার্ডের লক্ষ্যমাত্রা ২৫৯৮০জন ১২/০৮/২০২৬ পর্যন্ত অর্জন ২৮৮৬৫ জন। যাচাইকৃত ২৩৬৬৪৯ জন,<br>(৪) আগস্ট/ ২০২৬ মাসে গাইবান্ধা জেলায় ৭৬৫৫মেঃ টন ইউরিয়া ১৬৮০ মেঃ টন টিএসপি, ১৭২৫মেঃ টন ডিএপি এবং ১৮৩০মেঃ টন এমওপি সারের বরাদ্দ পাওয়া গিয়েছে। কৃষক পর্যায়ে বিক্রয়ের পর ১০/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ডিলারগণের গোডাউনে ২০৬০ মেঃ টন</td><td>(১) কৃষক কার্ড প্রদানের বিষয়ে প্রতিটি পাড়ায়, মহল্লায় এবং ওয়ার্ডে প্রচারণাসহ সচেতনতামূলক সভা আহবান করতে হবে। কেউ যেন অনৈতিক সুবিধা নিতে না পারে সে দিকে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>(২) ২০২৫-২৬ মৌসুমে জেলায় রোপা আউশ চাষযোগ্য জমিতে শতভাগ চাষ নিশ্চিত করতে হবে।</td><td>উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ইউরিয়া, ৭৮০ মেঃ টন টিএসপি, ৫৯৫ মেঃ টন ডিএপি এবং ১৫০০ মেঃ টন এমওপি সার মজুদ আছে। সার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান যে, বর্তমানে সারের কোন সংকট নেই।</td><td></td><td></td></tr>
<tr><td>৮। জেলা প্রাণিসম্পদ অফিস, গাইবান্ধা।</td><td>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা জানান যে, জুলাই/ ২০২৬ মাসে মোট ৬৫২ টি কৃত্রিম প্রজনন, ১০৬২ টি প্রজেনী সংগ্রহ এবং ৮৬৫০ মাত্রা গবাদিপশুর টিকা, ৮০৫০০টি হাঁস-মুরগীর টিকা প্রদান, ১৪৭৪৭টি গবাদিপশু ৮৪৯৯৮ টি হাঁসমুরগী এবং ৫০ টি পোষা প্রাণীর চিকিৎসা প্রদান করা হয়েছে। রোগ অনুসন্ধানে ৪৭ নমুনা সংগ্রহ, ০৫ টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা, ১২০ জন খামারী প্রশিক্ষণ, খামারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ৩৬ টি উঠান বৈঠক আয়োজন এবং ৫৩ টি খামার পরিদর্শন করা হয়েছে। চলতি মাসে ০২টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন, ৫টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন করা হয়েছে। ১৭.৫০ একর জমিতে উন্নত জাতের ঘাস খামারীদের মাধ্যমে চাষ করা হয়েছে। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন সেবামূল্য বাবদ ২৪৩০৭৫/- টাকা, খামার রেজিষ্ট্রেশন বাবদ ৮৫০০/- টাকা অন্যান্য বাবদ ৯০০/- সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।</td><td>(১) জেলায় ক্যাটেল সেড নির্মাণের সম্ভাব্যতা যাচাই করে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(২) কৃত্রিম প্রজনন, প্রজেনী সংগ্রহ, গবাদি পশুর টিকা প্রদান, রোগ অনুসন্ধানের নমুনা সংগ্রহ ও মেডিকেল ক্যাম্প পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা গাইবান্ধা।</td></tr>
<tr><td>৯। জেলা মৎস্য অফিস, গাইবান্ধা।</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জেলায় জুলাই/ ২০২৬ মাসে যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরা প্রতিরোধের বিষয়ে সচেতনতা সভার মাধ্যমে জনগণকে অবহিত করা হয়েছে। মৎস্য চাষি/ মৎস্যজীবি/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জুলাই/ ২০২৬ নিষিদ্ধ পিরানহা মাছ চাষ রোধে ২টি, আফ্রিকান মাগুর প্রতিরোধে ১টি, কারেন্ট জাল নিধন রোধে ০২টি, ফিক্স ইঞ্জিন রোধে ০১টি এবং চায়না দুয়ারি জাল রোধে ০২টি সচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে। এছাড়াও প্রদর্শনী খামার পরিদর্শন ৫৫টি, বিল নার্সারি পরিদর্শন ১৪টি, পানি পরীক্ষা ও পরামর্শ প্রদান ৭০টি। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবাওনের লক্ষ্যে ৫১টি হাট-মাজার পরিদর্শন করা হয়েছে। তিনি আরও জানান যে, ১৬-১৮ আগস্ট/ ২০২৬ তারিখ জাতীয় পক্ষ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালি ও আলোচনা সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান।</td><td>(১) যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে রাতে মাছ ধরা প্রতিরোধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) মৎস্য চাষী/ মৎস্যজীবী/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভার সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>(৩) নিয়মিত হাট-বাজার পরিদর্শন করতে হবে।</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা।</td></tr>
<tr><td>১০। খাদ্য বিভাগ, গাইবান্ধা।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ এর আওতায় ধান, চাল ও গম নিম্নরূপ:
<table>
<tr><th>খাদ্যশস্য</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>শতকরা</th></tr>
<tr><td>ধান</td><td>৯৫৬৩</td><td>১৪,৩৯৬</td><td>১৫১</td></tr>
<tr><td>সিদ্ধ চাল</td><td>২৬৪৩৮</td><td>২৩,৯৭১</td><td>৯২</td></tr>
<tr><td>আতপ চাল</td><td>১২৮৯</td><td>১১১০</td><td>৮৬</td></tr>
<tr><td>গম</td><td>৫৩০</td><td>০</td><td>০</td></tr>
</table>
সংগ্রহের মেয়াদ ৩১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।</td><td>(১) চাল ও গম সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।<br>(২) ওএমএস ও খাদ্য বান্ধব কার্যক্রম নীতিমালা মোতাবেক পরিচালনা করতে হবে এবং ভালো মানের চাল প্রদান করতে হবে।<br>(৩) ওএমএস এর বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
২। (ক) অত্র জেলার ওএমএস এর তথ্য:
<table>
<tr><th>এলাকা</th><th>ডিলার সংখ্যা</th><th>কর্মরত ডিলার</th><th>বরাদ্দ</th></tr>
<tr><td>গাইবান্ধা পৌরসভা</td><td>১২</td><td>০৯ জন</td><td>দৈনিক ০৯ মেঃটন চাল ও ০৯ মেঃটন আটা</td></tr>
</table>
<br>ভোক্তা পর্যায়ে প্রতি কেজি চাল ও আটার বিক্রয় মূল্য যথাক্রমে ৩০/- ও ২৪/- টাকা।
<br>২। (খ) খাদ্য বান্ধব কার্যক্রম:
<table>
<tr><th>জেলা</th><th>ডিলার সংখ্যা</th><th>ভোক্তা সংখ্যা</th><th>মাসিক বরাদ্দ</th></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>২১৩</td><td>১,৩৪,৬৭৬</td><td>৪,০১৪.৬৩০ মেঃটন</td></tr>
</table>
প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/০০ টাকা।
<br>২। (গ) অত্র জেলার ওএমএস (টিসিবি):
<table>
<tr><th>এলাকা</th><th>ডিলার সংখ্যা</th><th>ভোক্তার সংখ্যা</th><th>মাসিক বরাদ্দ</th></tr>
<tr><td>গাইবান্ধা পৌরসভা</td><td>১২৫</td><td>২,০৮,৯৫০</td><td>১০৪৪.৭৫</td></tr>
</table>
প্রতি মাসে প্রত্যেক ভোক্তাকে ৫ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ৩০/- টাকা।
<br>৩। লটারিতে নির্বাচিত প্রকৃত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ করা হচ্ছে। সংশোধিত কৃষকের তালিকা খাদ্য গুদামে পাওয়া গেছে। কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিতকরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
<br>৪। জেলার মজুদ পরিস্থিতি:
<table>
<tr><th>জেলা</th><th>চাল</th><th>ধান</th><th>গম</th><th>আটা</th></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>৩৩,৮৮০</td><td>৫৭০৩</td><td>৬০২</td><td>৪০,১৮৫</td></tr>
</table>
<br>গোলাপবাগ এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ২৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে, কামদিয়া এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে এবং ফুলছড়ি এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ২৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে। সভাপতি ওএমএস কার্যক্রমে কোয়ালিটি সম্পন্ন চাল বিতরণ বিতরণ বিষয়ে আলোচনা করা হয়।
</td><td></td><td></td></tr>
<tr><td>১১। গণপূর্ত বিভাগ, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা সভায় জানান যে,</td><td>চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td><table>
<tr><th>ক্রম ও উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১) সাঘাটা</td><td>উপজেলা মডেল মসজিদ নির্মাণ</td><td>৬১%,</td></tr>
<tr><td>২) সদর</td><td>জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ নির্মাণ।</td><td>১০০%</td></tr>
<tr><td>৩) সুন্দরগঞ্জ</td><td>উপজেলা মডেল মসজিদ নির্মাণ</td><td>৭১%</td></tr>
</table></td><td>হবে।</td><td></td></tr>
<tr><td>১২। সওজ, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা সভায় জানান যে, (১) বামনডাঙ্গা (গাইবান্ধা) - শঠিবাড়ী - আফতাবগঞ্জ (দিনাজপুর) জেলা সড়ক উন্নয়ন শীর্ষক প্রকল্প। প্রকল্প শুরু ৩১/১২/২০২১, প্রকল্প শেষ হওয়ার তারিখ ৩০/০৬/২০২৬ (মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে), (০২) জরাজীর্ণ, অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী ও অন্যান্য ঝঁকিপূর্ণ সেতু প্রতিস্থাপন প্রকল্প। প্রকল্প শুরু ০১/০৭/২০২১, প্রকল্প শেষ হওয়ার তারিখ ৩০/০৬/২০২৬ (মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে)। সভাপতি সড়কের জন্য অধিগ্রহণকৃত সম্পত্তির শেষ প্রান্ত দিয়ে ড্রেন নির্মাণের বিষয়ে আলোচনা করেন।</td><td>(১) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(২) সড়কের জন্য অধিগ্রহণকৃত ভূমির শেষ প্রান্ত দিয়ে ড্রেন নির্মাণ করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা</td></tr>
<tr><td>১৩। পাউবো, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা সভায় জানান যে, (১) যমুনা নদীর ডানতীরের ভাঙ্গন হতে ফুলছড়ি উপজেলাধীন কাতলামারী ও সাঘাটা উপজেলাধীন গোবিন্দি এবং হলদিয়া এলাকা রক্ষা শীর্ষক (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের অঙ্গসমূহ: নদী তীর সংরক্ষণ কাজ-১৩.১৬৪ কিঃমিঃ এবং বাঁধ পুনর্বাসন কাজ- ১৫.০০ কিঃমিঃ। জুলাই/ ২০২৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৯০.১০% এবং আর্থিক অগ্রগতি ৬৯০.৬০ কোটি টাকা। প্রকল্পের প্রকল্পের মেয়াদ ডিসেম্বর/ ২০২৬ পর্যন্ত নির্ধারিত রয়েছে,<br>(২) যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১: নদী তীর সংরক্ষণ ও নদী শাসন (কম্পোনেন্ট-১) শীর্ষক প্রকল্পের গত ০৪/০২/২০২৪ খ্রি. তারিখে জিও জারী হয়। প্রকল্পের আওতাধীন এলাকা টাঙ্গাইল, সিরাজগঞ্জ ও গাইবান্ধা। প্রকল্প ব্যয়- ৮৭৩.২৭ কোটি টাকা, তন্মধ্যে জিওবি- ১৮৭.১১ কোটি, বিশ্ব ব্যাংকের ঋণ- ৫৭৩.৭১ কোটি এবং নেদারল্যান্ড সরকার ও এআইআইবি'র অনুদান- ১১২.৪৪ কোটি টাকা। প্রকল্পের গাইবান্ধা অংশের অঙ্গসমূহ: ফুলছড়ি পার্মিয়েবল গ্রয়েন/ টপ ব্লক পার্মিয়েবল গ্রয়েন (৪ টি ২ সারি পাইল এবং ১টি ৩ সারি পাইল) দ্বারা নদীতীর রক্ষার কাজ। জমি অধিগ্রহণ/ ক্রয় (ফুলছড়ি) ১৫ হেক্টর। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিজাইন সার্কেল কর্তৃক নকসা ভেটিং সম্পন্ন হয়েছে। প্রকল্পের ভূমি অধিগ্রহণের ৪ ধারা নোটিশ জারী করা হয়েছে,<br>(৩) নতুন উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনা: (ক) গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী এবং সদর উপজেলার চিথুলিয়া দিগর এলাকায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর বাম তীরে</td><td>(১) গজারিয়া টি বাঁধে সার্ভিস ডেলিভারী সেন্টার নির্মাণ কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।<br>(২) জেলায় চিহ্নিত নদী ভাঙ্গনের স্থানসমূহে জরুরিভিত্তিতে দ্রুততর সময়ে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) নদী ভাঙ্গন রোধের নিমিত্ত প্রকল্প গ্রহণপূর্বক জরুরিভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।<br>(২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।</td></tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ভাঙ্গন প্রতিরোধের মাধ্যমে ব্রহ্মপুত্র ও জিঞ্জিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প। উক্ত প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়িত হলে ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী ইউনিয়নের ৯টি চর নদী ভাঙ্গন হতে রক্ষা পাবে, (খ) যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার চন্ডিপুর, কাপাসিয়া, শ্রীপুর ও সদর উপজেলার কামারজানি, গিদারী এবং ফুলছড়ি উপজেলার কঞ্চিপাড়া, উড়িয়া ও গজারিয়া এলাকা রক্ষা শীর্ষক প্রকল্প ডিপিপি অনুমোদন হলে দ্রুত প্রকল্প বাস্তবায়ন করা হবে (গ) গাইবান্ধা জেলার পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ ও সাঘাটা উপজেলার বিভিন্ন স্থানে করতোয়া কাটাখালী-বাঙ্গালী নদীর তীর সংরক্ষণ শীর্ষক প্রকল্প।<br>সভাপতি শহর রক্ষা বাঁধের কাজ এবং নদী ভাঙ্গণের চিহ্নিত স্থানসহ গজারিয়া টি বাঁধে সার্ভিস ডেলিভারী সেন্টার নির্মাণের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ১৪। এলজিইডি, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সভায় জানান যে, (১) RDRIIP-২ প্রকল্প, শুরু ০১/১০/২০১৭ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি - ৯৯%, (ক) ২০১টি প্যাকেজের মধ্যে ১৭৬টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে, ২৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। (খ) গোবিন্দগঞ্জ উপজেলাধীন কায়াগঞ্জ করতোয়া নদীর উপর নির্মাণাধীন ৩৬০ মিটার ব্রিজের এপ্রোচ রোডের জমি অধিগ্রহণের সম্পূরক প্রস্তাব প্রেরণ করা হয়েছে,<br>(২) গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলায় পাঁচপীর বাজার-চিলমারী উপজেলা সদর দপ্তরের সাথে সংযোগকারী সড়কে তিস্তা নদীর উপর ১৪৯০ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ শীর্ষক প্রকল্প: শুরু ০১/১০/২০১৩ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি - ৯৫%। এল এ কেস নং- ৫/২০২৩-২৪ অধিগ্রহণকৃত জমির সীমানা নির্ধারণ করা হয়নি এবং জমির মালিকগণ জমির মূল্য বুঝে পায় নাই মর্মে জানিয়েছেন,<br>(৩) দেশব্যাপী গ্রামীণ হাট বাজারে বহুতল ভবন নির্মাণ প্রকল্প: শুরু জুলাই/ ২০১৭, শেষ জুন/ ২০২৬, গড় অগ্রগতি - ৯৯%। ০৩টি বাজারে ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।<br>(৪) আইপিসিপি প্রকল্প: শুরু ২০/০৯/২০১৭ খ্রি., শেষ ৩০/০৬/২০২৭ খ্রি. গড় অগ্রগতি- ৮৫%। ১৯টি কাজের মধ্যে ১৭টি কাজ সম্পন্ন হয়েছে এবং ০২টি কাজ চলমান রয়েছে,<br>(৫) জিএসআইডিপি- ০২ প্রকল্প: শুরু ২৬/০১/২০২২ খ্রি., শেষ ৩০/০৬/২০২৭ খ্রি. গড় অগ্রগতি - ৮৫%। ৫২৮টি স্কীমের মধ্যে ৩৯০টি সম্পন্ন হয়েছে ৯৩টি চলমান রয়েছে। ৪৫টির দরপত্রের কার্যক্রম চলমান রয়েছে,<br>(৬) টিইউএলও প্রকল্প: শুরু জুলাই/ ২০২৩., শেষ জুন/ ২০২৮. গড় অগ্রগতি- ৬০%। ১৭টি প্যাকেজের মধ্যে সমাপ্ত হয়েছে ০৩টি, চলমান ১৪টি,<br>(৭) জিআরআরআইআইপি প্রকল্প: শুরু জুলাই/২০২৪, শেষ শেষ জুন/ ২০২৯ গড় অগ্রগতি- ২৫%। ৫৯টি প্যাকেজের | চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৩টি প্যাকেজ সমাপ্ত, চলমান -৫৫টি প্যাকেজ, দরপত্র প্রক্রিয়াধীন - ০১টি প্যাকেজ,<br>(৮) আরআইভিইআর প্রকল্প: শুরু ০১/০১/২০২৩ খ্রি., শেষ ৩০/০৬/২০২৮ খ্রি. গড় অগ্রগতি - ১৫%। মোট ৩৪টি শেল্টার এর মধ্যে ২৮টি শেল্টারের কাজ চলমান, ০৩টি শেল্টারের সমস্যা (গোবিন্দগঞ্জ উপজেলার রামচন্দ্রপুর পচারিয়া স্কুলে জমি সংক্রান্ত জটিলতা দেখা দিয়েছে, সাঘাটা উপজেলার সতীতলা স্কুলের কানেকটিং রাস্তা করতে স্থানীয় জনগণ বাধা প্রদান করছে)<br>(৯) পিসিআরবিসিপি প্রকল্প : শুরু সেপ্টেম্বর/২০২১, শেষ-ডিসেম্বর/২০২৬। জমি অধিগ্রহণ প্রয়োজন। ইতোমধ্যে জমি অধিগ্রহণের অর্থ ৫,২৭,৩১,০০০ কোটি টাকা সংশ্লিষ্ট একাউন্টে জমা করা হয়েছে, জলাবদ্ধতার কারণে জমিটি দখল হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়নি,<br>(১০) জিওবিএম প্রকল্প: শুরু ০১/০৭/২০২৫ খ্রি., শেষ ৩০/০৬/২০২৭ খ্রি., ৪৪ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে, দরপত্রের কার্যক্রম চলমান রয়েছে,<br>(১১) CDRSSWRMP প্রকল্প: শুরু ০১/০১/২০২৪, শেষ ৩১/১২/২০২৯। ৩টি স্কীমের মধ্যে ১টি স্কীমের কাজ চলমান, ২টি স্কীমের কাজ চলমান। | | |
| ১৫। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয় নাই। | নিময়িত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত থাকতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |
| ১৬। বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ কাজ (৫০০ মি.), প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ-৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি,<br>(২) গ্রুপ ফরমেশন কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ- ৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি,<br>(৩) প্রশিক্ষণ কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ-৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি। বৃহত্তম বগুড়া ও গাইবান্ধা জেলা সমন্বিত সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। | গৃহীত কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা। |
| ১৭। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, চলতি ২০২৬-২৭ অর্থবছরে আমন মৌসুমে খরা দেখা দিলে যে সমস্ত স্কিমে সেচের প্রয়োজন হবে সেগুলো চালু রাখা হয়েছে। | ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে এবং পানির অপচয় রোধে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা। |
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে,<br>(১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প: প্রকল্প শুরু | (১) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান ঠিক রেখে সম্পন্ন করতে | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| অধিদপ্তর, গাইবান্ধা। | হওয়ার তারিখ জানুয়ারি-২০২০, শেষ হওয়ার তারিখ: জুন-২০২৭। (ক) অগভীর নলকূপ স্থাপন কাজ: মোট বরাদ্দ ১১৫২৮টি, সমাপ্ত- ১১৪৩২টি, চলমান-৯৬টি, অগ্রগতি-৯৮%, (খ) ২৪টি কমিউনিটি ভিত্তিক গ্রামীণ পানি সরবরাহ স্কিমের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৯৭%, (গ) ০৩টি রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৬৮%,<br>(২) মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জানুয়ারি-২০২১, শেষ হওয়ার তারিখ: ডিসেম্বর-২০২৬। ২২৮টি স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলামন রয়েছে, অগ্রগতি-৯৮%, ০৬টি বৃহৎ পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি ৫৫%, মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের স্যানিটেশন প্যাকেজের আওতায় পাবলিক টয়লেট ও কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ চলমান রয়েছে। যার অগ্রগতি ৫০%,<br>(৩) ২৩ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জুলাই-২০১৭, শেষ হওয়ার তারিখ: ডিসম্বর-২০২৫ (মেয়াদ বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন)। গোবিন্দগঞ্জ উপজেলায় ০৭টি পাবলিক টয়লেটের মধ্যে ০৪টি সমাপ্ত (জায়গার জটিলতার কারণে ০৩টি পাবলিক টয়লেট নির্মাণ করা সম্ভব হয়নি), সার্বিক অগ্রগতি- ১০০%, ২০টি কমিউনিটি ল্যাট্রিনের মধ্যে ১৮টি সমাপ্ত (জায়গার জটিলতার কারণে ০৩টি পাবলিক টয়লেট নির্মাণ করা সম্ভব হয়নি), সার্বিক অগ্রগতি-১০০%, ফিক্যাল স্লাজ ম্যানেজমেন্ট সেড এর নির্মাণ কাজ ০১টি, কাজের অগ্রগতি ৯৩%।<br>(৪) গ্রামীণ স্যানিটেশন প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জুলাই ২০২৫, শেষ হাওয়ার তারিখ জুন ২০২৮, সুন্দরগঞ্জ উপজেলায় ১৭২৫টি টুইন পিট ল্যাট্রিন স্থাপন কাজ, অগ্রগতি ১০%, গাইবান্ধা জেলার বিভিন্ন উপজেলায় ২৮টি কমিউনিটি টয়লেট নিমাণ কাজ, অগ্রগতি ০০%। | হবে। | প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |
| ১৯। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) গাইবান্ধা। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সভায় জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), গাইবান্ধা জেলায় কোন উন্নয়নমূলক কার্যক্রম চলমান নেই। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গৃহীত প্রকল্প মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |
| ২০। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো পিএলসি, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, গাইবান্ধা সভায় জানান যে, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ নেসকো পিএলসি, গাইবান্ধায় বর্তমান চাহিদা ১২.০০ মেগাওয়াট এবং বরাদ্দ ১২.০০ মেগাওয়াট। বর্তমানে কোন লোড শেডিং নেই। আসন্ন গ্রীষ্মকালীন তাপদাহে ও প্রাকৃতিক দুর্যোগে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরামত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) প্রি-পেইড স্মার্ট মিটার স্থাপনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারাভিযান অব্যাহত রাখতে হবে।<br>(৩) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ | (১) সকল দপ্তর প্রধান, গইবান্ধা।<br>(২) নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো, |
| ২১। বিক্রয় ও বিতরণ | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, গাইবান্ধা সভায় জানান যে, বিক্রয় ও বিতরণ বিভাগ-২ নেসকো | | |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| বিভাগ ২-নেসকো পিএলসি | পিএলসি, গাইবান্ধায় বর্তমানে বিদ্যুৎ এর চাহিদা ১০.০০ (দশ) মেগাওয়াট এবং বরাদ্দ ১০.০০ (দশ) মেগাওয়াট। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরমত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। সরকারি আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের পত্র প্রেরণ করা হয়েছে। সরকারি দপ্তর/ আবাসিক কোয়ার্টারসহ প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প চলমান রয়েছে। গাইবান্ধা নার্সিং কলেজে ১৮,১৭,৮০৭/- টাকা বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। | করতে হবে। | পিএলসি, গাইবান্ধা। |
| ২২। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা। | সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা সভায় জানান যে, অন্তর্ভুক্ত বিদ্যুতায়িত উপজেলা-০৫টি (গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি), (২) সরকারি/আধাসরকারি ৫২টি প্রতিষ্ঠানে মোট ৭৬১২৬৩৪/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। জুলাই/ ২০২৬ মাস পর্যন্ত লাইন নির্মাণ-৫৫২৪.২৩২ কিঃমিঃ, এ মাসে লাইন নির্মাণ-৩.০১৫২ কিঃমিঃ। মোট সেচ গ্রাহক সংখ্যা-৯৩৫০টি, এসটিডব্লিউ-৮৫৬৪টি, ডি ডব্লিউটি-৭৩০ টি ও এলএলপি-৫৬টি, এ মাসে সেচ সংযোগ-০১টি। শিল্প সংযোগ-২৮২৭ টি, (ক্ষুদ্র শিল্প ২৭৫৬টি ও বৃহৎ শিল্প ৭১ টি) এ মাসে সংযোগ-০৪টি। মোট গ্রাহক সংখ্যা-৪,১২,৫৯০ টি। (আবাসিক ৩,৭২,৩৯৫টি, বানিজ্যিক ২২,৬৪৩টি, সেচ-৯,৩৫০টি, শিল্প ২,৮২৭টি, দাতব্য প্রতিষ্ঠান ৫০৭২টি ও অন্যান্য-৩০০ টি। এ মাসে সংযোগ-৫২৩টি। বর্তমান চাহিদা ৪১২৪৮ মেগাওয়াট/ঘণ্টা এবং প্রাপ্তি ৪১২৪৮ মেগাওয়াট/ ঘণ্টা। বর্তমানে লোড শেডিং ০ মেগাওয়াট/ ঘণ্টা। গণশুনানী-২৪টি এবং উঠান বৈঠক-১২টি। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) চলতি রোপা আমন মৌসুমে সেচ সুবিধা প্রদানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সকল দপ্তর প্রধান, গইবান্ধা।<br>(২) সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি গাইবান্ধা। |
| ২৩। রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর। | জিএম রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর সভায় জানান যে, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় সাদুল্লাপুর ও সুন্দরগঞ্জ উপজেলায় মোট গ্রামের সংখ্যা ৩১৬টি, বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা-৩১৬টি, মোট নির্মিত লাইন ৩৬২৬.১৬ কিঃমিঃ, মোট গ্রাহকের সংখ্যা-২,৩৫,৩৮৪ জন। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে ৫২,৩২,৮১৩/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সহযোগিতা কামনা করেন। মডেল মসজিদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর ২,৫৫,৫৮৩/০০ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বর্তমান চাহিদা ৩০.৬৫৪ মেগাওয়াট এবং প্রাপ্তি ২৩.৫৮ মেগাওয়াট। সমিতির আওতায় ৫৬৯৩টি সেচ সংযোগের মাধ্যমে সেচ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেচ গ্রাহকগণকে রাত ১১.০০ ঘটিকার পর থেকে সেচ কার্য পরিচালনা করার জন্য লিফলেট বিতরণ ও মিটিং আয়োজন করা হচ্ছে। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে। | জিএম , রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর। |
| ২৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা সভায় জানান যে, জুলাই/ ২০২৬ মাসে সক্ষম দম্পতি ৫,৫৭,৩৪৩জন, মোট গ্রহীতা- ৪,৩৯,১০৮ জন, গ্রহণকারীর হার- ৭৮.৭৯%। মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জুলাই/ ২০২৬ মাসে ৪২টি ডেলিভারি সেবা এবং মা ও শিশু কল্যাণ | (১) স্বাভাবিক প্রসব সেবার সংখ্যা ও মান বাড়াতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কেন্দ্রের স্বাভাবিক প্রসব সেবা ২০৯টি প্রদান করা হয়েছে। | | |
| ২৫। জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) সামাজিক নিরাপত্তামূলক (ভাতা) কার্যক্রমে গাইবান্ধা জেলায় সর্বমোট ৩,৩০,৬৫৬জন সুবিধাভোগী জিটুপি পদ্ধতিতে ভাতা সুবিধা পাচ্ছেন। ২০২৫-২৬ অর্থবছরে সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন/ যাচাইয়ের মাধ্যমে ৪র্থ কিস্তিতে ৩২৯৪২৭ জনের পেরোল প্রেরণ করা হয়েছে। ১০৮৭০ জনের ভাতা মোবাইল জটিলতার কারণে পেরোল প্রদান করা হয় নাই,<br>(২) শিশু শিক্ষা সুরক্ষা কার্যক্রম: (ক) গাইবান্ধা জেলায় ০৩টি প্রতিষ্ঠান রয়েছে, সরকারি শিশু পরিবার (বালক) আসন ১০০টি, বর্তমান নিবাসী ৫৯ জন, সরকারি শিশু পরিবার (বালিকা), আসন ১০০, বর্তমান নিবাসী ৭৭ জন এবং সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, আসন ১০, বর্তমান নিবাসী ০৭ জন। সরকারি শিশু পরিবার (বালক) এ ০৩টি ভবন (ডরমেটরি ভবন, স্টাফ কোয়ার্টার ও প্রশিক্ষণ কেন্দ্র) নির্মাণ কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৭০%, (খ) শিশু সুরক্ষা কর্মসূচির মাধ্যমে সুবিধা বঞ্চিত শিশুর কেস ম্যানেজমেন্ট ৫৬১ শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে শিশুর সহায়তা ফোন ১০৯৮ এ সেবা সংক্রান্ত ক্যাম্পেইন ৪২৩ টি, বাল্যবিবাহ নিরোধ উঠান বৈঠক ৩০টি, ডাইভার্সন এ মুক্তিপ্রাপ্ত শিশু ও বিভিন্ন নির্যাতনের শিকার শিশুদের প্যারা কাউন্সিলিং সেবা প্রদানে সহায়তা ১৬৭ জন, শিশু শ্রমের সাথে জড়িত শিশু জরিপ ২৭৬টি, শিশুর সহায়তা ফোন ১০৯৮ এর ফোন কলের মাধ্যমে শিশুকে সেবা দানের সহায়তা ৩৩ জন, উপজেলা শিশু কল্যাণ বোর্ড ও জেলা শিশু কল্যাণ বোর্ডের সভা আয়োজনে সহায়তা প্রদান ১৮, কেস কনফারেন্স ০৭টি, মাঠ পর্যায়ে কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা কমিটির সভার আয়োজন ২১টি। চলতি মাসে কেস ম্যানেজমেন্ট ৩২টি, ১০৯৮ ক্যাম্পেইন ১৫টি, ফোন কলের মাধ্যমে সেবা ২টি, থানার মাধ্যমে পরিবারের নিকট শিশুকে হস্তান্তর ০১ জন,<br>(৩) সামাজকল্যাণ পরিষদ ও চিকিৎসা সহায়তা কার্যক্রম: (ক) জাতীয় সমাজকল্যাণ পরিষদের গৃহ নির্মাণ বরাদ্দ এবং ভিক্ষাবৃত্তি নিরসনের বরাদ্দ উপজেলা কমিটিতে বিভাজন প্রেরণ করা হয়েছে, (খ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে জেলাধীন ৬টি রোগীকল্যাণ সমিতির মাধ্যমে ফেব্রুয়ারি/ ২০২৬ মাসে ২৯৩ জন রোগীকে ১,১২,৫৩২ টাকা ব্যয়ে সেবা প্রদান করা হয়েছে, (গ) শহর সমন্বয় পরিষদের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং প্রবেশন কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এ পর্যন্ত ৬৮৩১ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন, (ঘ) জেলায় ১,১৩,৯৮২ জন প্রতিবন্ধী শনাক্তকরণ হয়েছে ও শনাক্তকরণের কাজ চলমান রয়েছে, (ঙ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা সহায়তা এককালীন ৫০,০০০/০০ টাকা হিসাবে ২০২৫-২৬ | (১) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>(৩) জেলায় সামাজিক নিরাপত্তামূলক (ভাতা) কার্যক্রমের সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অর্থবছরের ৪র্থ কিস্তি পর্যন্ত ৬৯৮ জনের ৩,৪৯,০০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে। ২০১৯-২০ হতে ২০২৪-২৫ অর্থবছরে ২৭০৫ জনের মাঝে ১৩,৫২,৫০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে,<br>(৪) নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থা-১৪৩৭টি ও এতিমখানা ১২১টি। | | |
| ২৬। যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা: লক্ষ্যমাত্রা-৩৮০০ জন। জেলা কার্যালয়ে জুলাই/২০২৬ মাসে প্রশিক্ষণ চলমান রয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষার্থীর সংখ্যা ১৯৬৫০জন। উপজেলা কার্যালয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা-৭০১৫৯ জন,<br>(২) প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান: লক্ষ্যমাত্রা - ৫,১৮,০০,০০০/- টাকা, জুলাই/২০২৬ মাসে পরিবার ভিত্তিক কর্মসূচির বিতরণ নেই। ২০২৬-২৭ অর্থবছরে পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় ঋণ বিতরণ-০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৪,২৬,৫০,০০০/-টাকা। জুলাই/২০২৬ মাসে আত্মকর্ম কর্মসূচির ৪,৮০,০০০/০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব কর্মসূচির আওতায় ঋণ বিতরণ ৪,৮০,০০০/০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ১৫,৭৭,৫৫,৭০০/-<br>(৩) উত্তবঙ্গ প্রকল্পের মাধ্যমে ঋণ বিতরণের পরিমাণ-৭,৪৫,৪০,৫০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-২৭,৪৯,৪৬,২০০/-<br>(৪) আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি: লক্ষ্যমাত্রা- ৭৭২ জন। জুলাই/ ২০২৬ মাসে ৩৬ জন প্রশিক্ষত যুব নারীকে আত্মকর্মী করা হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে অগ্রগতি ৩৬ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মী - ২৯,৭৮৮ জন,<br>(৫) বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠন স্বীকৃতি/ নিবন্ধন: লক্ষমাত্রা - ০৭টি। জুলাই/২০২৬ মাস পর্যন্ত অর্জন-০০টি। ক্রমপুঞ্জিত স্বীকৃতি ও নিবন্ধিত যুব সংগঠনের সংখ্যা - ১৭৩টি, | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। |

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২৭। মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান (১) ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের গাইবান্ধা জেলার সকল উপজেলায় জুলাই/ ২০২৬ মাসে ভিডব্লিউবি খাদ্যের আদেশ জারী করা হয়েছে। উল্লেখ্য সাঘাটা ও সাদুল্লাপুর উপজেলায় পুষ্টি চাল বিতরণ করা হয়। উপজেলাসমূহের খাদ্য বিতরণের তথা নিম্নরূপ:
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য বিতরণকৃত ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য অবিতরণকৃত ইউনিয়ন সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গাইবান্ধা সদর</td><td>১৩টি</td><td>১০টি</td><td>০৩</td><td></td></tr>
<tr><td>গোবিন্দগঞ্জ</td><td>১৭টি</td><td>১৪টি</td><td>০৩</td><td></td></tr>
<tr><td>পলাশবাড়ী</td><td>০৮টি</td><td>০৫টি</td><td>০৩</td><td></td></tr>
<tr><td>সাঘাটা</td><td>১০টি</td><td>১০টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>ফুলছড়ি</td><td>০৭টি</td><td>-</td><td>০৭টি</td><td></td></tr>
<tr><td>সাদুল্লাপুর</td><td>১১টি</td><td>-</td><td>১১টি</td><td>-</td></tr>
<tr><td>সুন্দরগঞ্জ</td><td>১৫টি</td><td>১৫টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৮১টি</td><td>৫৪টি</td><td>২৭</td><td></td></tr>
</table>
(২) মা ও শিশু সহায়তা কর্মসূচি এর আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বরাদ্দ পাওয়া যায়নি।<br>
(৩) ডে-কেয়ার সেন্টার ৬০টি আসনের মধ্যে জুলাই/২০২৬ মাসে ৪৩টি আসনে শিশু ভর্তি হয়েছে এবং ১৭টি আসন ফাঁকা রয়েছে। প্রতিদিনি গড় উপস্থিতি- ৩৫ জন,<br>
(৪) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলায় ৮১টি ইউনিয়নে ৮১টি এবং ০৪ টি পৌরসভায় ০৫টি মোট ৮৬টি কিশোর-কিশোরী ক্লাব চালু রয়েছে। ৮৬টি কিশোর-কিশোরী ক্লাবে প্রতি সপ্তাহে ০২দিন করে (শুক্রবার ও শনিবার) ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।<br>
মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের (৫) আওতায় জুলাই/ ২০২৬ মাসে সার্ভিস চার্জসহ ৭৬,১২৫/০০ টাকা ঋণের কিস্তি আদায় করা হয়েছে। উপজেলা ভিত্তিক ঋণের কিস্তি আদায়ের তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th></th><th>উপজেলার নাম</th><th>আসল</th><th>সার্ভিস চার্জ</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>গোবিন্দগঞ্জ</td><td>১৯,৫০০/-</td><td>৯৭৫/-</td><td>২০,৪৭৫/-</td></tr>
<tr><td>০২</td><td>ফুলছড়ি</td><td>২৮,৫০০/-</td><td>১৪২৫/-</td><td>২৯,৯২৫/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৪,৫০০/</td><td>২৪,৫০০/</td><td>১২২৫/-</td></tr>
</table></td><td>১. বন্যায় শিশু ও গর্ভবর্তী মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে<br>(ক) সিভিল সার্জন, গাইবান্ধা,<br>(খ) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা<br>(গ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা<br>(ঘ) জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা<br>(ঙ) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা<br>(চ) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা<br>(ছ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা<br>(জ) উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধা এবং স্থানীয় এনজিও মিলে চরাঞ্চলে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. জীবিকায়নের জন্য মহিলাদের মানসম্মতভাবে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>৩. ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় খাদ্য বিতরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>৪. মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী নির্বাচন দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।</td></tr>
<tr><td>২৮। জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে,<br>(১) সারা দেশের ন্যায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে ৩য় ত্রৈমাসিক এর মূল তথ্য সংগ্রহের</td><td>(১) নৌযান শুমারীর তথ্য সংগ্রহের কার্যক্রমে সংশ্লিষ্টদের সহযোগিতা প্রদান করতে হবে।<br>(২) গৃহীত কার্যক্রম</td><td>(১) উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর/ সুন্দরগঞ্জ/</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>কাজ চলমান থাকবে,<br>(২) ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবন যাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের জন্য দর ছকের মাধ্যমে ফুড ও নন ফুড দ্রব্য সামগ্রী এবং সেবা মূল্য সংগ্রহ করার কাজ মাঠ পর্যায়ে ১১/০৬/২০২৬ খ্রি. থেকে ১৯/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে,<br>(৩) সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর Household icome Expenditure Survey-26 এর তথ্য সংগ্রহ কার্যক্রম ০৯/০৮/২০২৬ থেকে ২৯/০৮/২০২৬ এবং নৌযান শুমারি-২৬ এর চূড়ান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম ২০/০৮/২০২৬ থেকে ২৯/০৮/২০২৬ পর্যন্ত মাঠ পর্যায়ে চলমান থাকবে। তিনি আরও জানান যে, আগামী ২০-২৯ আগস্ট ২০২৬ তারিখ সময়ে নৌযান শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। উক্ত কার্যক্রমে সংশ্লিষ্টদের সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। সভাপতি নৌযান শুমারি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।</td><td>মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>সাঘাটা/ ফুলছড়ি, গাইবান্ধা।<br>(১) উপপরিচালক জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা।</td></tr>
<tr><td>২৯। বিআরডিবি, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে,<br>বিআরডিবির কার্যক্রম:
<table>
<tr><th>বিবরণ</th><th>বছরে আদায়যোগ্য</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>পুঁজি গঠন</td><td>৪০.০০ লক্ষ টাকা</td><td>১.২০ লক্ষ টাকা</td><td>১.২০ লক্ষ টাকা</td><td>১৫৫০.৪৭ লক্ষ টাকা</td></tr>
<tr><td>প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>৬২.০৭ লক্ষ টাকা</td><td>৬২.০৭ লক্ষ টাকা</td><td>১৯৬১৬.৯৬ টাকা</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>৫২.০৪ লক্ষ টাকা</td><td>৫২.০৪ লক্ষ টাকা</td><td>১১১৯৪.৯৫ লক্ষ টাকা</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা ঋণ আদায়</td><td>৩৬.৬১ লক্ষ টাকা</td><td>০.৩১ লক্ষ টাকা</td><td>০.৩১ লক্ষ টাকা</td><td>৩৪৭.০৭ লক্ষ টাকা</td></tr>
</table>
(১) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পটি ৩০/০৬/২০২৩ তারিখ সমাপ্ত হয়েছে। বর্তমানে এটি গাইবান্ধা জেলায় ০৭টি উপজেলায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। প্রকল্পের ২য় পর্যায় সম্প্রসারণের লক্ষ্যে ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার মাধ্যমে ১৭৮০০ জন সুফলভোগীর কর্মসংস্থান নিশ্চিত করা হয়েছে, (২) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের আওতায় One Village One Product মডেলে স্থাপিত পণ্য ভিত্তিক ২২টি পল্লীর উৎপাদন ও মার্কেট লিংকেজ কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয়</td><td>ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে।</td><td>উপপরিচালক বিআরডিবি গাইবান্ধা।</td></tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | | |
| ৩০। ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা জেলায় নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পে প্রাক-প্রাথমিক ৪৪০টি, সহজ কোরআন শিক্ষা-৬৭৭টি এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র-১২টি, সর্বমোট ১১২৯টি কেন্দ্র আছে। কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে। গাইবান্ধা জেলায় দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ১৪টি বিদ্যমান রয়েছে। মাদ্রাসাগুলো পরিদর্শন অব্যাহত রয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা। |
| ৩১। জেলা শিক্ষা বিভাগ, গাইবান্ধা। | জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে যেন অপ্রীতিকর ঘটনা ও বিশৃংখলা সৃষ্টি না হয় এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার করা হয়েছে। জেলা শিক্ষা অফিস হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট ও গার্ল গাইড দল গঠন কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ রোধ ও মাদক দ্রব্যের কুফল সম্পর্কে শিক্ষক ও অভিভাবক, ছাত্র-ছাত্রীদের সচেতনতামূলক কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। | (১) শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) ৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা। |
| ৩২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম (গাইবান্ধা সদর ও পলাশবাড়ী উপজেলা): প্রকল্প শুরু: ২৮/১২/২০২৫, প্রকল্প শেষ হওয়ার তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৭। জেলার দুইটি উপজেলা পলাশবাড়ী ও গাইবান্ধা সদরের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রম চলমান রয়েছে। | শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয়সমূহ মনিটরিং করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা। |
| ৩৩। পিটিআই, গাইবান্ধা। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, গাইবান্ধা সভায় জানান যে, পিটিআই এ পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) শিক্ষাবর্ষ: জানুয়ারি - অক্টোবর-২০২৬ সেশনের প্রশিক্ষণার্থীগণের অনুশীলন পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। | গৃহীত প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সুপারিটেনডেন্ট পিটিআই, গাইবান্ধা। |
